NEW YORK STATE | Unemployment Insurance Appeal Board



ভার্চুয়াল শুনানি

অংশগ্রহণকারীর গাইড

www.uiappeals.ny.gov/virtual-hearings

সূচিপত্র

পৃষ্ঠা 3 — ভার্চুয়াল শুনানির জন্য প্রস্তুতি

পৃষ্ঠা 5 — আপনার ভার্চুয়াল শুনানিতে যোগ দেওয়া

পৃষ্ঠা 9 — আপনার ভার্চুয়াল শুনানিতে উপস্থিতি

পৃষ্ঠা 11 — বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী

ভার্চুয়াল শুনানির জন্য প্রস্তুতি

1 আপনার নথিপত্রগুলিকে পর্যালোচনা করুন

আপনার শুনানির সময় আপনার কাছে অবশ্যই আপনার কেস ফাইল থাকতে হবে। আপনার শুনানিতে যুক্ত হওয়ার জন্য আপনার শুনানির বিজ্ঞপ্তির প্রয়োজন হবে।

আপনার কেস ফাইলের সবকটি নথি ভালোভাবে পর্যালোচনা করে নিন।

2 আপনার ডিভাইস সেটআপ করা

আপনার নির্ধারিত শুনানির সময়ের অন্তত দুদিন আগে আপনার ডিভাইস সেট আপ শুরু এবং পরীক্ষা করে নেওয়া উচিত। এর ফলে বিলম্ব এবং / অথবা অসুবিধা এড়িয়ে যেতে সুবিধা হবে।

2 দিন আগে

- আপনি যে ডিভাইস ব্যবহার করে আপনার শুনানিতে যোগদানের পরিকল্পনা করছেন, তাতে Cisco Webex অ্যাপ্লিকেশন ডাউনলোড করে নিন
- আপনি যদি শুনানিতে 'মোবাইল দিয়ে' অংশগ্রহণ করতে চান, তবে শুনানির তারিখের আগে আপনাকে, "Webex Meetings" অ্যাপ্লিকেশনটি অবশ্যই ডাউনলোড করতে হবে। এর মধ্যে যেকোনো একটি QR ব্যবহার করে আপনি Webex Meetingsঅ্যাপ্লিকেশনটি ডাউনলোড করতে পারেন।

iPhone	Android

- www.webex.com/test-meeting-এ গিয়ে একটি পরীক্ষামূলক মিটিংয়ে যুক্ত হয়ে দেখুন। আপনার মাইক্রোফোন ও ক্যামেরা অবশ্যই পরীক্ষা করে নেবেন।

2

আপনার ডিভাইস সেটআপ করা (চলছে)

30 মিনিট আগে

- আপনার মোবাইল ফোন ডু নট ডিস্টার্ব মোডে রাখবেন এবং শুনানিতে যোগ দেওয়ার আগে ডিভাইসের স্লীপ/ স্ট্যান্ডবাই মোড বন্ধ করে দেবেন।
- আপনার শুনানিতে যোগ দিন।

ডু নট ডিস্টার্ব এবং স্ক্রিন লক সেটিং সম্পর্কে জানতে পৃষ্ঠা 12 এবং 13-তে থাকা বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী বিভাগ দেখুন।

আপনি যদি আপনার ডিভাইসের সেটিং পরিবর্তিত না করতে পারেন, তাহলে পরবর্তী পৃষ্ঠায় গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য অংশে দেখুন।

3

গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য

- আপনি যদি আপনার ফোনের স্ক্রিন লক বা ডু নট ডিস্টার্ব সেটিংস পরিবর্তন করতে না পারেন, তাহলে আপনার স্ক্রিনে ভার্চুয়াল শুনানি সেন্টারের ওয়েটিং রুমে আপনাকে উপস্থিত থাকতে হবে এবং খুবই মনোযোগ সহকারে সবকিছু শুনতে হবে। আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করে উপস্থিত থাকেন, আপনার ব্রাউজার বন্ধ হয়ে গেলে বা আপনার ফোন লক হয়ে গেলে, বিচারকের জন্য আপনি অনুপস্থিত হয়ে যাবেন। আপনার শুনানি কখন শুরু হয়েছে, তাও হয়ত আপনি মিস করতে পারেন। আপনি যদি মোবাইল ডিভাইস ব্যবহার করে যুক্ত হন, তাহলে আপনার স্কিন চালু রাখার জন্য, লক হয়ে যাওয়ার আগে আপনাকে আপনার স্কিনে ট্যাপ করতে হবে। লক হয়ে যাওয়ার আগে আপনার স্ক্রিন কতক্ষণ সজাগ থাকে, তা সেটিংস থেকে দেখে নিন।

- আপনি যদি Apple-এর iPhone, iPad, বা Mac ব্যবহার করেন তাহলে আপনাকে অবশ্যই Safari ব্রাউজার ব্যবহার করতে হবে। Webex অ্যাপ্লিকেশন লঞ্চ করার সময় Google Chrome কাজ করবে না।

আপনার ভার্চুয়াল শুনানিতে যোগ দেওয়া

আপনার নির্ধারিত শুনানির সময়ের অন্তত 30 মিনিট আগে থেকে আপনাকে যুক্ত হতে হবে। আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করেন, তাহলে আপনার স্ক্রিনের লক নিষ্ক্রিয় করে রাখুন এবং এটিকে "ডু নট ডিস্টার্ব" মোডে করে রাখুন এবং যুক্ত হওয়ার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি অনুসরণ করুন। আপনি যুক্ত হওয়ার পর, আপনার স্ক্রিন এবং ব্রাউজার অবশ্যই সক্রিয় রাখতে হবে অন্যথায়, আপনি অনুপস্থিত দেখা যাবে।

1 www.uiappeals.ny.gov/virtual-hearings-এ যান।

2 **আপনার শুনানিতে যুক্ত হন (Attend Your Hearing)** বোতামে ক্লিক করুন।

3 "এখানে ভার্চুয়াল শুনানি চলছে" পৃষ্ঠায়, **ভার্চুয়াল শুনানির ID (Virtual Hearing ID)**-র জায়গায় আপনার ভার্চুয়াল শুনানির ID-টি লিখুন। আপনার শুনানি সংক্রান্ত বিজ্ঞপ্তিতে আপনার শুনানির ID (Virtual Hearing ID) পাওয়া যাবে।

4 **এগিয়ে চলুন (Continue)** বোতামটিতে ক্লিক করুন।

5

<u>নিয়ম ও শর্তাবলী</u> পর্যালোচনা করে, এগিয়ে যাওয়ার জন্য নীল **আমি সম্মত (I Agree)** বোতামে ক্লিক করুন।

New York State Unemployment Insurance Appeal Board (নিউ ইয়র্ক স্টেট আনএমপ্লয়মেন্ট ইনসিওরেন্স আপিল বোর্ড, UIAB) ভার্চুয়াল শুনানির ব্যবস্থা করে থাকে যাতে অংশগ্রহণকারীরা বেকার ভাতা সংক্রান্ত বিভিন্ন শুনানির সময় সশরীরে শুনানিস্থলে উপস্থিত না থেকেও, তাতে অংশগ্রহণ করতে পারে। UIAB ভার্চুয়াল হিয়ারিং সেন্টার (VHC) অ্যাপ্লিকেশন ব্যবহার করে ভার্চুয়াল শুনানির ব্যবস্থা করে থাকে।

VHC অ্যাপ্লিকেশন এবং এতে থাকা সকল তথ্যের মালিকানা UIAB-এর কাছে রয়েছে। এই অ্যাপ্লিকেশনের অনুমোদিত নয় এমন ব্যবহার বা বেআইনি ব্যবহার করার চেষ্টা করার অনুমতি নেই এবং তা ফেডারেল বা স্টেট ভিত্তিক অপরাধ বলে গণ্য হতে পারে। যে সকল কেসের সাথে ব্যবহারকারীর স্বার্থ জড়িত শুধুমাত্র সেগুলিতে তারা VHC অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করতে পারেন।

ব্যবহারকারীদের সকল ফেডারেল এবং স্টেট আইন-কানুন মেনে চলতে হবে।

6

শুনানির জন্য আপনার ভূমিকা বেছে নিন (দাবিদার, নিয়োগকারী, শ্রম কমিশনারের প্রতিনিধি, বা অন্যান্য)।

7 আপনি যদি এই শুনানির বিষয়ে ভবিষ্যতে বিজ্ঞপ্তি পেতে চান তাহলে **ইমেল(Email)**–এ আপনার ইমেল অ্যাড্রেস লিখুন।

8 **এই শুনানি সময় আপনার কি কোনো দোভাষীকে লাগবে? (Do you need an interpreter for this Hearing?)** –এর জায়গায় "হ্যাঁ" বা "না"–কে বেছে নিন। আপনি যদি "হ্যাঁ" বেছে নিয়ে থাকেন তাহলে, আপনাকে আপনার ভাষাটিকে বেছে নিতে হবে।

9 **জমা দিন (Submit)** বোতামে ক্লিক করুন।

10 **নামের (First Name)** জায়গায় আপনার নাম লিখুন এবং **পদবির （Last Name）** জায়গায় আপনার পদবি লিখুন। **ফোন নম্বরের (Phone)** জায়গায় আপনার ফোন নম্বরটি লিখুন।

11 নীল রঙের **জমা দিন (Submit)** বোতামটিতে ক্লিক করুন এবং বিচারক আপনার শুনানি শুরু করা পর্যন্ত অপেক্ষা করুন।

আপনার বিভিন্ন তথ্য জমা দেওয়ার পর, আপনাকে ভার্চুয়াল ওয়েটিং রুমের স্ক্রিনে নিয়ে যাওয়া হবে। আপনার ডিভাইসে স্ক্রিন অবশ্যই সক্রিয় অবস্থায় রাখতে হবে যাতে বিচারক দেখতে পান যে আপনি শুনানিতে উপস্থিত হয়েছেন।

নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখবেন:

• বিচারক যখন শুনানি শুরু করবেন তখন আপনাকে শুনানিতে প্রবেশের জন্য একটি পপ-আপ বিজ্ঞপ্তি দেওয়া হবে। ওয়েবেক্স অ্যাপ্লিকেশন চালু করতে আপনাকে সবুজ রঙের "**শুনানিতে প্রবেশ করুন**" (**Enter Hearing**) বোতামে ক্লিক করতে হবে, "মিটিংয়ে যুক্ত হন" বোতাম টিপতে হবে, তারপর বিচারক আপনাকে প্রবেশ করতে না দেওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

•নির্ধারিত সময় অনুযায়ী শুনানি শুরু করা হয়। উপস্থিত থেকে এবং মনোযোগ দিয়ে সব কিছু শুনে আপনার শুনানি শুরু হওয়ার জন্য প্রস্তুত হন।

• নির্ধারিত শুকু করার সময়ের আগে শুনানি শুরু করা হবে না।

• অপ্রত্যাশিত কোনো ঘটনা ঘটলে আপনার শুনানি বিলম্বিত হতে পারে তবে তা সর্বাধিক 45 মিনিট পর্যন্ত বিলম্বিত হতে পারে। যদি আপনার শুনানি শুরু হতে দেরি হয়, অনুগ্রহ করে উপস্থিত থাকবেন।

• আপনি যদি মোবাইল ডিভাইস ব্যবহার করে যুক্ত হয়ে থাকেন, শুনানির জন্য অপেক্ষারত সময়ে আপনার ফোনের স্ক্রিন সক্রিয় অবস্থায় রাখতে হবে। (আপনার মোবাইল ডিভাইস সেটিংসে লক স্ক্রিন/টাইম আউট নিষ্ক্রিয় করে রাখুন)।

• ব্যবহারের সুবিধার জন্য, আপনার শুনানির আগে Webex ইনস্টল করে রাখবেন। https://www.webex.com/downloads.html থেকে Webex ডাউনলোড করা যেতে পারে

শুনানির পদ্ধতি এবং প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন https://uiappeals.ny.gov/virtual-hearings

আপনার ভার্চুয়াল শুনানিতে উপস্থিতি

মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, যুক্ত হবার পর ভার্চুয়াল ওয়েটিং রুমে থাকার সময় আপনার ফোনের স্ক্রিন অবশ্যই সক্রিয় রাখতে হবে অন্যথায়, আপনার শুনানি থেকে আপনাকে বহিষ্কার করে দেওয়া হবে।

1

বিচারক শুনানি শুরু করার পর আপনি একটি পপ-আপ বিজ্ঞপ্তি পাবেন যেখানে সবুজ রঙের **শুনানিতে যুক্ত হন (Enter Hearing)** বোতামটি থাকবে।

Webex মিটিং খোলার জন্য **শুনানিতে যুক্ত হন (Enter Hearing)**-এ ক্লিক করুন।

তারপর আপনার ব্রাউজারে একটি নতুন ট্যাব খুলবে এবং আপনাকে Webex অ্যাপ্লিকেশন শুরু করার নির্দেশ দেওয়া হবে।

আপনাকে Webex অ্যাপ্লিকেশন আপনার স্ক্রিনে খুলে রাখতে হবে তবে তাহলেও, **ওয়েটিং রুমে "ভার্চুয়াল অ্যাপয়েন্টমেন্ট" ট্যাব বন্ধ করবেন না, অন্যথায় আপনাকে বহিষ্কার করে দেওয়া হবে।**

2

আপনি আপনার ওয়েব ব্রাউজারে Webex অ্যাপ্লিকেশন খোলার অনুমতির একটি প্রম্পটও পেতে পারেন। **Webex খুলুন** বোতামটিতে ক্লিক করুন।

আপনি যদি পুনরায় পপ আপ পেতে না চান, যেখানে লেখা রয়েছে যে uiabhearings.webex.com-কে এই প্রকারের বিভিন্ন লিঙ্ককে সংশ্লিষ্ট অ্যাপে খোলার অনুমতি দিন সেই বাক্সটিতে ক্লিক করুন, তারপরে **Webex খুলুন** বোতামটিতে ক্লিক করুন।

আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করে যুক্ত হয়ে থাকেন তাহলে পরবর্তী পৃষ্ঠা দেখুন।

3 আপনার Webex অ্যাপ্লিকেশন শুরু হওয়ার পর, Webex উইন্ডোর নিচের দিকে **আনমিউট (Unmute)** এবং **ভিডিও শুরু করুন (Start video)** বোতামগুলিতে ক্লিক করুন।

4 **মিটিং-এ যুক্ত হন (Join meeting)** সবুজ বোতামটিতে ক্লিক করুন।

একটি মোবাইল ফোন ব্যবহার করে, আপনার শুনানিতে যুক্ত হওয়া

ওয়েটিং রুমের স্ক্রিনের সবুজ রঙের **শুনানিতে যুক্ত হন (Enter Hearing)** বোতামটিতে ক্লিক করার পর, আপনার ব্রাউজারে একটি নতুন ট্যাব খুলে যাবে যেখানে Webex খুলুন বা Webex অ্যাপ্লিকেশন শুরু করার জন্য প্রম্পট আপনাকে দেওয়া হবে। আপনার ফোনে Webex অ্যাপ্লিকেশন খুলতে **খুলুন** বা **শুরু করুন (Launch)**-এ ক্লিক করুন।

আপনার নির্ধারিত শুনানির সময়ের অন্তত দুদিন আগে আপনার ডিভাইসে Webex অ্যাপ্লিকেশন ডাউনলোড করে রাখা সব থেকে শ্রেয়।

বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1

"আমার কাছে কোনো কম্পিউটার বা স্মার্টফোন নেই।"

আপনার কাছে যদি কোনো ইলেকট্রনিক ডিভাইসে অ্যাক্সেস না থাকে আপনি ফোন করেও আপনার হিয়ারিং-এ যুক্ত হতে পারেন। যুক্ত হওয়ার জন্য (518) 545-3889-তে ফোন করে অপেক্ষা করুন যতক্ষণ না বিচারক শুনানি শুরু করছেন।

2

“আমি একজন প্রতিনিধি, দোভাষী, বা সাক্ষী। যুক্ত হওয়ার সময় আমায় কোন ভূমিকা বেছে নিতে হবে?"

যখন আপনি আপনার শুনানিতে যোগ দেবেন, আপনার ভূমিকায় "অন্য" বেছে নেবেন।

3

"শুনানির সময় আমার সাথে কী কী রাখতে হবে?"

আপনার শুনানি শুরু হওয়ার আগে আপনার কাছে এই শুনানি সম্পর্কিত সকল নথি অবশ্যই থাকতে হবে। শুনানিতে যুক্ত হওয়ার জন্য, আপনার শুনানির বিজ্ঞপ্তিতে লেখা কেস নম্বরটির প্রয়োজন হবে।

নির্ধারিত শুনানির সময়ের 1 সপ্তাহ আগে যদি আপনি আমাদের অফিসের থেকে কোনো নথি না পেয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই (518) 402-0210-তে ফোন করে সাহায্য নিতে হবে।

4

আপনার শুনানি সংক্রান্ত বিষয়ে আপনার কি আরও সাহায্য প্রয়োজন?

আপনার শুনানি সম্পর্কিত আরও প্রশ্নের উত্তর জানতে আপনি (518) 402-0210-তে ফোন করতে পারেন।

বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (চলছে)

5 "আমার কাছে একটি iPhone রয়েছে। আমাকে কোন ব্রাউজার ব্যবহার করতে হবে?"

আপনি যদি Apple-এর iPhone, iPad, বা Mac ব্যবহার করেন তাহলে আপনাকে অবশ্যই Safari ব্রাউজার ব্যবহার করতে হবে। iPhone-এ Google Chrome ব্যবহার করে Webex অ্যাপ্লিকেশন শুরু করতে গিয়ে আপনার প্রযুক্তিগত অসুবিধা হতে পারেন।

6 "আমি আমার iPhone ডু নট ডিস্টার্ব মোডে কীভাবে রাখবো?"

1. আপনার স্ক্রিনের উপরের ডান কোণ থেকে নিচের দিকে সোয়াইপ করুন।
2. চাঁদের চিহ্নটির ঠিক পাশে থাকা ফোকাস (Focus) বোতামে ক্লিক করুন।
3. ডু নট ডিস্টার্ব-এ (Do Not Disturb) ক্লিক করুন।

7 "আমি আমার iPhone -এর স্ক্রিনের লক হওয়া কীভাবে বাধা দেবো?"

1. সেটিং-এ যান।
2. ডিসপ্লে অ্যান্ড ব্রাইটনেস (Display & Brightness) ক্লিক করুন।
3. অটো লক-এ (Auto-Lock) ক্লিক করুন।
4. **কখনোই না** (Never) -কে বেছে নিন।

8 "আমি আমার অ্যান্ড্রয়েড ফোন ডু নট ডিস্টার্ব মোডে কীভাবে রাখবো?"

1. আপনার স্ক্রিনের উপরের দিক থেকে নিচের দিকে সোয়াইপ করুন।
2. ডু নট ডিস্টার্ব-এ (Do Not Disturb) ক্লিক করুন।

বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলী (চলছে)

9

"আমি আমার অ্যান্ড্রয়েড ফোনের স্ক্রিনের লক হওয়া কীভাবে বাধা দেবো?"

1. সেটিং-এ যান।
2. সিকিউরিটি অ্যান্ড প্রাইভেসি-তে (Security & privacy) ক্লিক করুন।
3. স্ক্রিন লক-এ (Screen lock) ক্লিক করুন।
4. পাসকোডটি দিন।
5. **কোনোটিই না** (None)-কে বেছে নিন।

10

"আমি আমার কম্পিউটারের স্ক্রিনের লক হওয়া কীভাবে বাধা দেবো?"

1. আপনার ডেস্কটপে রাইট ক্লিক করুন।
2. ডিসপ্লে সেটিংস-এ (Display settings) ক্লিক করুন।
3. বাম দিকে মেনুতে পাওয়ার অ্যান্ড স্লীপ-এ (Power & sleep) ক্লিক করুন।

স্লীপ বিভাগে:

4. "অন ব্যাটারি পাওয়ার, টার্ন অফ আফটার (On battery power, turn off after)"-এ, **কখনোই না** (Never) বেছে নি।
5. "হোয়েন প্লাগড ইন, টার্ন অফ আফটার (When plugged in, turn off after)"-এ, **কখনোই না** (Never) বেছে নি।